

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, হাইড্রোকার্বন ইউনিট।

হাইড্রোকার্বন ইউনিট এর জুন/২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

|            |  |
|------------|--|
| সভাপতি     | আবুল খায়ের মোঃ আমিনুর রহমান<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ২৬/০৬/২০২২                                 |
| সভার সময়  | দুপুর ২.০০ ঘটিকা                           |
| স্থান      | কনফারেন্স রুম                              |
| উপস্থিতি   | পরিশিষ্ট-ক                                 |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২.০। আলোচনাঃ

২.১। গত ২৫-০৫-২০২২ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচনা   | সিদ্ধান্ত  |
|-----------|--|--|
| ০১।       | <b>সেমিনার/ওয়ার্কশপ</b><br>সভায় সেমিনার আয়োজনের বিষয়ে আলোচনা হয়। সভায় সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) জানান হাইড্রোকার্বন ইউনিটের জন্য এপিএ'র ম্যানডেট অনুযায়ী ৮ টি সেমিনার করার বাধ্যকতা রয়েছে। সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন) জনাব শিহাব মাহমুদ জানান এই অর্থবছরে এখন অর্ধ ০৭ (সাতটি) সেমিনার আয়োজন করা হয়েছে। মহাপরিচালক এই জুন মাসে ড্যাশবোর্ড সংক্রান্ত বিষয়ে সেমিনার আয়োজনের ব্যাপারে নির্দেশনা প্রদান করেন। | এই জুন মাসে ড্যাশবোর্ড সংক্রান্ত সেমিনার আয়োজন করতে হবে।          |
| ০২।       | <b>ড্যাশবোর্ডে</b><br>সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন) জনাব শিহাব মাহমুদ জানান সপ্তাহে একদিন ড্যাশবোর্ড হালনাগাদ করা হয়। এছাড়া ওয়েবসাইটও হালনাগাদ করা হয়। মহাপরিচালক মহোদয় হাইড্রোকার্বন ইউনিট এর ড্যাশবোর্ডটি টেকনিক্যালি আপডেট করার জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা দেন।  | হাইড্রোকার্বন ইউনিট এর ড্যাশবোর্ডে টেকনিক্যালি আরো আপডেট করতে হবে। |
| ০৩।       | <b>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি-</b><br>সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন) জনাব শিহাব মাহমুদ জানান বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ৪র্থ কোয়ার্টার এবং খসড়া এপিএ প্রণয়নের বিষয়ে আলোচনা করেন।   | এপিএ সংক্রান্ত সকল কাজের বাস্তবায়ন যথাসময়ে নিশ্চিত করতে হবে।     |
| ০৪।       | <b>ইনোভেশন</b><br>ইনোভেশন সংক্রান্ত আলোচনা ও অগ্রগতি সম্পর্কে সহকারী পরিচালক (পরিচালনা) জনাব নাজমুক হক বলেন, ইনোভেশন সংক্রান্ত সকল কাজ সম্পন্ন হয়েছে। মহাপরিচালক যথাসময়ে ইনোভেশন কর্মপরিকল্পনার প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।   | যথাসময়ে ইনোভেশন কর্মপরিকল্পনার প্রতিবেদন প্রেরণ করতে হবে।         |

|     |  |  |
|-----|--|--|
| ০৫। | <b>শুদ্ধাচার কর্মপরিকল্পনা:</b><br>সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) জানান, শুদ্ধাচার কর্মপরিকল্পনা সকল কাজ সম্পন্ন হয়েছে। মহাপরিচালক যথাসময়ে শুদ্ধাচার কর্মপরিকল্পনার প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।  | যথাসময়ে শুদ্ধাচার কর্মপরিকল্পনার প্রতিবেদন প্রেরণ করতে হবে।   |
| ০৬। | <b>ই- নথি:</b><br>সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) জনাব দেবব্রত দাস উপস্থাপন করেন যে, হাইড্রোকার্বন ইউনিটের অধিকাংশ কার্যক্রমই ই-নথির মাধ্যমে পরিচালিত হয়। হার্ড কপিতে কোন পত্র নিষ্পন্ন করা হলেও তার রেকর্ড রাখা হচ্ছে। তিনি আরো বলেন, মহাপরিচালক পত্র অনুমোদন করার সাপেক্ষে পরিচালক কর্তৃক পত্রজারি করা হচ্ছে।                                    | হার্ডকপিতে পত্র নিষ্পন্ন করলে তার যথাযথ রেকর্ড রাখতে হবে।  |
| ০৭। | <b>বিদ্যুৎ সাশ্রয়</b><br>সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) জানান বিদ্যুৎ সাশ্রয় সংক্রান্ত মাসিক প্রতিবেদন প্রেরণ করার বাধ্যবাধকতা রয়েছে বিধায় অফিসের বিদ্যুৎ ও পানি সাশ্রয়ের বিষয়টি সভায় আলোচনা করা হয়। অফিসের বিদ্যুৎ ও পানি সাশ্রয় করার জন্য নিয়মিত মনিটরিং করা হয়। মহাপরিচালক মনিটরিং কার্যক্রম চলমান রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। | অফিসের বিদ্যুৎ ও পানি সাশ্রয় করার জন্য প্রতি মাসে ব্যবহারকৃত ইউনিট এর হিসাব নিয়মিত মনিটরিং করতে হবে। |
| ০৮। | <b>বিবিধ</b><br>মহাপরিচালক সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার নির্দেশনা প্রদান করেন। তিনি সকলকে যথাসময়ে অফিসে আসা এবং অফিস ত্যাগের জন্য নির্দেশনা প্রদান করেন।   | স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।   |

৩.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।



আবুল খায়ের মোঃ আমিনুর রহমান  
মহাপরিচালক

স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.০৬.০০১.২০.৩২৬

তারিখ: ১৩ আষাঢ়. ১৪২৯

২৭ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ২) সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন), হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩) সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪) সহকারী পরিচালক (পরিকল্পনা), হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫) সহকারী পরিচালক (অপারেশন), হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬) সহকারী পরিচালক (অনুসন্ধান), উপ-পরিচালক (অনুসন্ধান ও উৎপাদন), হাইড্রোকার্বন ইউনিট
- ৭) হিসাব রক্ষণ কর্মকর্তা, হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮) অফিস কপি।



আবুল খায়ের মোঃ আমিনুর রহমান  
মহাপরিচালক